

২০/৯/৯২

দৈনিক ইনকিলাব

তারিখ ... 2..1 SEP 1992 ..

পৃষ্ঠা... ২... কলাম... ১...

115

ছাত্র দলের দু'গ্রুপের মধ্যে বন্দুকযুদ্ধ চট্টগ্রাম পলিটেকনিক বন্ধ ঘোষণা

॥ চট্টগ্রাম ব্যুরো ॥

চট্টগ্রাম পলিটেকনিক ইনস্টিটিউট খেলার মাঝে দু'দিনের মধ্যেই গতকাল রোববার ছাত্র দলের প্রতিদ্বন্দ্বী দু'গ্রুপের মধ্যে প্রচণ্ড বন্দুকযুদ্ধের পর ইনস্টিটিউটের ক্লাসসমূহ পুনরায় অনির্দিষ্টকালের জন্যে বন্ধ করে দেয়া হয়েছে। গত ৯ সেপ্টেম্বর ছাত্র দলের দু'গ্রুপের মধ্যে অনুরূপ একটি প্রচণ্ড সংঘর্ষের পর ইনস্টিটিউট ৭ দিনের জন্যে এবং হলসমূহ অনির্দিষ্টকালের জন্যে বন্ধ করে দেয়া হয়েছিল। অপরদিকে গতকাল প্রথম ও দ্বিতীয় বর্ষের সাল্লিমেন্টারী পরীক্ষায় অকৃতকার্য ৩৩ জন ছাত্রকে পাস করিয়ে দেয়ার দাবীতে শতাধিক ছাত্র

ইনস্টিটিউটের অধ্যক্ষ এবং অন্যান্য শিক্ষকদেরকে ৩ ঘণ্টা তালাবদ্ধ করে রাখে। পুলিশ ও স্থানীয় সূত্র জানায় যে, প্রায় ৯ দিন ইনস্টিটিউট বন্ধ থাকার পর শনিবার ক্লাসসমূহ শুরু হয় এবং গতকাল সকাল সাড়ে নটা থেকে ৩৩ জন অকৃতকার্য ৭-এর পঃ ৭-এর কঃ দেখন

চট্টগ্রাম পলিটেকনিক

প্রথম পৃষ্ঠার পর

ছাত্রকে পাস করিয়ে দেয়ার জন্যে এক দল ছাত্র কলেজ অধ্যক্ষকে চাপ প্রয়োগ করতে থাকে। কলেজ অধ্যক্ষ এ অন্যান্য আবদারটি রক্ষা করতে অপারগতা প্রদর্শন করলে এক পর্যায়ে শতাধিক ছাত্র তাঁর কক্ষের সম্মুখে অবস্থান ধর্মঘট শুরু করে।

জানা গেছে, এ সময় ছাত্ররা অধ্যক্ষের কক্ষে তালা লাগিয়ে দেয় এবং দাবী না মানা পর্যন্ত তালা খুলে না দেয়ার সিদ্ধান্ত ঘোষণা করে। সূত্র জানায় যে, ইতিমধ্যেই আকস্মিকভাবে ইনস্টিটিউট ক্যাম্পাসে প্রচণ্ড বোমাবর্ষণ ও গোলাগুলি শুরু হয়। মুহূর্তের মধ্যে পরিস্থিতি চরমভাবে বিঘাত হয়ে ওঠে। প্রাণ ভয়ে ছুটোছুটি শুরু করে দেয় ছাত্র, শিক্ষক ও ক্যাম্পাসবাসী। পুলিশের একটি সূত্র জানায় যে, পাহাড়ের উপর অবস্থানকারী এক গ্রুপ নীচে অবস্থানকারী অপর গ্রুপের উপর কমাণ্ডো স্টাইলে আক্রমণ চালায়। এভাবে দীর্ঘ এক ঘণ্টাব্যাপী উভয় পক্ষে প্রচণ্ড সংঘর্ষ চলে। ইনস্টিটিউট ক্যাম্পাসে একদিকে কলেজ অধ্যক্ষের তালাবদ্ধ করে দাবী আদায়ের জন্যে চাপ সৃষ্টি এবং অপরদিকে ছাত্র দলের ২ গ্রুপের প্রচণ্ড বন্দুকযুদ্ধ ক্যাম্পাসে চরমভাবে তীব্র ছড়িয়ে পড়ে। এ সংঘর্ষে ৫ জন আহত হয়েছে বলে জানা গেছে। বেলা প্রায় সাড়ে বারটার পুলিশ ঘটনাস্থলে পৌঁছলে একদিকে সংঘর্ষ থেমে যায় এবং অপরদিকে অধ্যক্ষকে ঘেরাওকারীরা পালিয়ে যায়।

পুলিশ এ সময় অধ্যক্ষের অফিস কক্ষের তালা ভেঙে তিনি এবং তাঁর সহকর্মীদের উদ্ধার করে। এর পরপরই একাডেমিক কাউন্সিলের এক জরুরী সভায় গতকাল থেকে অনির্দিষ্টকালের জন্যে পুনরায় ক্লাসসমূহ বন্ধ রাখার সিদ্ধান্ত নেয়া হয়।